# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।

স্মারক নং: এ-২(৬)/০৫/২০২৫/১১৩৮৮/সাধারণ তারিখ: ২৫-০৯-২০২৫

## ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের নিম্নবর্ণিত শূন্যপদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তর | পদের সংখ্যা | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|---|
| ১ | এস্টিমেটর | প্রকৌশল দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳১২,৫০০-৩০,২৩০/- |
| ২ | উচ্চমান সহকারী | হিসাব নিয়ামক দপ্তর | ০২ টি (স্থায়ী) | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৩ | উচ্চমান সহকারী | পরিসংখ্যান বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৪ | রিডিংরুম সুপারিনটেনডেন্ট | গ্রন্থাগার দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৫ | এ্যাকসেশনার | গ্রন্থাগার দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৬ | ল্যাবরেটরী টেকনিশিয়ান | উদ্ভিদবিজ্ঞান বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৭ | ডাটা এন্ট্রি অপারেটর | পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳১১,০০০-২৬,৫৯০/- |
| ৮ | ফটোগ্রাফার (জুনিয়র) | রেজিস্ট্রার দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳১০,২০০-২৪,৬৮০/- |
| ৯ | ড্রাইভার | পরিবহন দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১০ | প্রুফ রিডার গ্রেড-২ | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস | ০২ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১১ | কম্পিউটার ল্যাব. সহকারী | মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১২ | কম্পিউটার ল্যাব. সহকারী | অর্থনীতি বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৩ | ল্যাবরেটরী টেকনিশিয়ান | বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৪ | ল্যাবরেটরী টেকনিশিয়ান | ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৫ | ল্যাবরেটরী টেকনিশিয়ান | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৬ | ল্যাবরেটরী টেকনিশিয়ান | মাইক্রোবায়োলজি বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৭ | ল্যাবরেটরী টেকনিশিয়ান | জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৮ | প্রোডাকশন সহকারী | নাট্যকলা বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ১৯ | জুনিয়র ক্যাটালগার | হিসাব নিয়ামক দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২০ | গ্রন্থাগার সহকারী গ্রেড-২ | এ. এফ. রহমান হল | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২১ | হিসাব সহকারী | হিসাব নিয়ামক দপ্তর | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২২ | ওয়ার্ক সুপারভাইজার (সুপারভাইজার পদের বিপরীতে) | প্রকৌশল দপ্তর | ০১ টি (অস্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৩ | নিম্নমান সহকারী | শাহজালাল হল | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৪ | সুপারভাইজার | চাকসু কেন্দ্র | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৫ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ | ০১ টি (স্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |
| ২৬ | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী (ল্যাব. এডমিনেস্ট্রেটর পদের বিপরীতে) | হিসাব নিয়ামক দপ্তর | ০১ টি (অস্থায়ী) | ৳৯,৩০০-২২,৪৯০/- |

**<u>পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও আবেদনের শর্তাদি:</u>**

**ক্রমিক-১** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশ হতে হবে এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই কমার্স গ্র্যাজুয়েট হতে হবে এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৩** নং পদের জন্য প্রার্থীকে গ্র্যাজুয়েট/সমমান পাশ হতে হবে এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৪** নং পদের জন্য প্রার্থীকে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা/সার্টিফিকেটধারীসহ গ্র্যাজুয়েট/সমমান পাশ হতে হবে। গ্রন্থাগারের কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিশেষ উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৫** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই স্নাতক/সমমান পাশ হতে হবে। বই এবং জার্নাল প্রকিউরমেন্ট ও এ্যাকসেশনারের কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিশেষ উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৬** নং পদের জন্য প্রার্থীকে বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি. পাশ এবং সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট/কলেজ হতে ০৩ (তিন) বছর মেয়াদী ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং- এ ডিপ্লোমা থাকতে হবে। স্বীকৃত প্রতিষ্ঠানে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স যন্ত্রপাতি মেরামতে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৭** নং পদের জন্য প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। কম্পিউটারে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ টাইপের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে স্ট্যান্ডার্ড এপ্টিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে কম্পিউটারে বিভিন্ন রকমের ডাটা এন্ট্রি, সংশোধন, স্প্রেড সিড ও ইন্টারনেট পরিচালনায় জ্ঞান থাকতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণি/বিভাগ বা সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

চলমান পাতা-০২

**ক্রমিক-৮** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি. (বিজ্ঞান) পাশ হতে হবে। কোন প্রথম শ্রেণির স্টুডিও/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী ফটোগ্রাফার বা ফটোগ্রাফার হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ফটোমাইক্রোগ্রাফিতে সাধারণ জ্ঞান এবং ম্যাক্রো ও ক্লোজআপ ফটোগ্রাফিতে দক্ষতাসহ স্লাইড প্রিপারেশন ও আধুনিক ক্যামেরা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-৯** নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী/হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীকে ভারী/হালকা গাড়ি চালানোর কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ক্রমিক-১০** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং বাংলা ও ইংরেজি ভাষা জ্ঞানের দক্ষতাসহ কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা স্বনামধন্য প্রিন্টিং প্রেসে প্রুফ রিডিং এর কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১১ ও ১২** নং পদের জন্য প্রার্থীগণকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্কিং বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১৩, ১৪, ১৫, ১৬ ও ১৭** নং পদের জন্য প্রার্থীকে বিজ্ঞান বিভাগ হতে ন্যূনতম ২য় শ্রেণি/জিপিএ ৩.০০ সহ এইচ.এস.সি. পাশ হতে হবে। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১৮** নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান হতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-১৯** নং পদের জন্য প্রার্থীকে গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসহ এইচ.এস.সি./সমামান পাশ হতে হবে। গ্রন্থাগারের কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২০** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। অফিসের কাজে ০১ (এক) বছরের অভিজ্ঞতা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২১** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং হিসাব নিকাশের কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি টাইপের জ্ঞান থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২২** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। কনস্ট্রাকশন সংক্রান্ত কাজের তদারকিতে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২৩** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২৪** নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বনামধন্য প্রতিষ্ঠানে ক্যাফেটেরিয়া পরিচালনা/তদারকির কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

**ক্রমিক-২৫ ও ২৬** নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে।

*** মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্তানুসারে কোটা নির্ধারিত থাকবে।**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর অথবা চবি ওয়েবসাইট (www.cu.ac.bd) হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ২৭-১০-২০২৫ তারিখের মধ্যে (২৮-০৯-২০২৫ হতে ০২-১০-২০২৫ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অফিস বন্ধ থাকবে) অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬ (ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১ (এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না।

**মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি.) গ্রহণ করা হবে না।**

অগ্রণী ব্যাংকের যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এ প্রদেয় দরখাস্তের ফি বাবদ ৳৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত ০১ (এক) সেট ছায়ালিপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোন অর্জিত/চলমান শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকুরি জীবনে কোন পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

**চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

29.9.2025

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

২৫.০৯.২০২৫